

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
প্রশাসন-১ শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১০২.৪১.০০০১.১৭.১৭৫


তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

বিষয়: মৎস্যবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থীর ইন্টার্নশিপ প্রসঙ্গে।

সূত্র: মৎস্যবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৯-০৪-২০২৬ খ্রি. তারিখের ৩০/১০৬৬৪০ সংখ্যক স্মারক।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৎস্যবিজ্ঞান বিভাগের ৩য় বর্ষ বিএস সন্মান শ্রেণির পাঠ্যক্রমে Internship শিরোনামে একটি কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত কোর্সের জন্য একজন শিক্ষার্থীকে ন্যূনতম ১৫ দিনের জন্য মৎস্যবিজ্ঞান সংশ্লিষ্ট বিষয়ে প্রাতিষ্ঠানিক কাজের অভিজ্ঞতা অর্জন করতে হয়। ইন্টার্নশিপ সমাপনান্তে প্রাপ্ত অভিজ্ঞতা ও সম্পন্ন কার্যক্রমের উপর শিক্ষার্থীকে একটি প্রতিবেদন জমা দিতে হয় এবং তা পরীক্ষা কমিটির সামনে উপস্থাপন করতে হয়। উল্লেখ্য যে, উক্ত সময়ে শিক্ষার্থী নতুন কোন গবেষণা বা তথ্য তৈরি করে না বরং প্রতিষ্ঠানে চলমান কাজ দেখে ও প্রয়োজ্য ক্ষেত্রে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। প্রতিটি শিক্ষার্থীকে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত একটি সার্টিফিকেট/প্রত্যয়নপত্রও জমা দিতে হবে। এতদপ্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৎস্য বিভাগের শিক্ষার্থী সাদিকা সুলতানা লাভণ্য, রেজিস্ট্রেশন নং ২০২২১১৬৫৩৮, মৎস্য অধিদপ্তরের আওতাধীন কক্সবাজারস্থ কাকড়া হ্যাচারীর চলমান কাজে অংশগ্রহণপূর্বক অভিজ্ঞতা অর্জনে আগ্রহী।

এমতাবস্থায়, সাদিকা সুলতানা লাভণ্য-কে জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার নিয়ন্ত্রণাধীন দপ্তরে জুন ২০২৬-এর প্রথমার্ধে ১৫ দিনের জন্য সংশ্লিষ্ট বিষয়ে চলমান কার্যক্রমে অংশগ্রহণ করার সুযোগ সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ইন্টার্নশিপ সমাপনান্তে তাকে একটি Certificate of Internship Completion প্রদান করার জন্য সদয় অনুরোধ জানানো হলো।



২৩-০৫-২০২৬

ফিরোজ আহাম্মেদ

উপপরিচালক (প্রশাসন)

ফোন : ০২-২২৩৩৮৯৩৫৫

ফ্যাক্স : -

ইমেইল : ddadmin@fisheries.gov.bd

উপপরিচালক

চিংড়ী চাষ সম্প্রসারণ, মৎস্য অধিদপ্তর, কক্সবাজার।

দৃষ্টি আকর্ষণ:

ড. গৌতম কুমার কুন্ডু, সহযোগী অধ্যাপক, মৎস্য বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১০২.৪১.০০০১.১৭.১৭৫/১ (১)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার।



A handwritten signature in black ink, consisting of stylized letters and a horizontal line extending to the right.

২৩-০৫-২০২৬

মোঃ মহিদুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন-১)